

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICAB) এর সাথে বিএসইসি'র মত বিনিময় সভা।

গত ২৮ অক্টোবর ২০২৪ তারিখে পূঁজিবাজারের সার্বিক উন্নয়ন ও সংস্কারের বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর সাথে ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICAB) এর শীর্ষ প্রতিনিধিদের একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ, বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ এবং ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICAB) এর সভাপতি জনাব মোহাম্মদ ফোরকান উদ্দীন, সাবেক সভাপতি জনাব দেওয়ান নুরুল ইসলাম, সহ-সভাপতি জনাব এমবিএম লুৎফুল হাদী, সিইও জনাব শুভাশীষ বোস উপস্থিত ছিলেন।

সভার সূচনা বক্তব্যে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ সভায় অংশগ্রহণকারী সকলকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি অন্যান্যের মধ্যে বলেন, বিএসইসি মেধাভিত্তিক পূঁজিবাজার গড়তে কাজ করছে। তিনি পূঁজিবাজারে নিরীক্ষকদের কাজ বিশেষ গুরুত্বপূর্ণ উল্লেখ করে বলেন, নিরীক্ষকদের দায়িত্বশীল ভূমিকা পূঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিগুলোতে স্বচ্ছতা, জবাবদিহিতা বৃদ্ধি করে পূঁজিবাজারে স্থিতিশীলতা ও শৃঙ্খলা আনয়নে কার্যকরী ভূমিকা রাখবে। পূঁজিবাজারের উন্নয়ন ও সংস্কারে তিনি নিরীক্ষা সংস্থা ও প্রতিষ্ঠানসমূহকে নিজ অবস্থান থেকে যথাযথ ভূমিকা(role) রাখার আহ্বান জানান। তিনি পূঁজিবাজারকে অর্কের্স্ট্রার সাথে তুলনা করে বলেন, নিয়ন্ত্রক সংস্থা, এক্সচেঞ্জ, তালিকাভুক্ত কোম্পানি, বিনিয়োগকারী, বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহসহ সকল অংশীজনদের নিয়ে পূঁজিবাজার কাঠামোর সকলকে নিয়েই ও সকলের অংশগ্রহণের মাধ্যমেই বাজার পরিচালিত হয়। দেশের পূঁজিবাজারকে ভালো অবস্থানে নিয়ে যেতে তাই সকলকে দায়িত্বশীল ও কর্তব্য পরায়ন হতে হবে এবং উন্নয়ন ও সংস্কারে প্রয়োজনীয় ও যথাযথ ভূমিকা রাখতে হবে। সভার আলোচনায় তিনি পূঁজিবাজারের বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ ও তাদের সুরক্ষার উপর গুরুত্বারোপ করেন।

সভায় ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICAB) এর শীর্ষ প্রতিনিধিবৃন্দ দেশের পূঁজিবাজারের সার্বিক উন্নয়ন ও সংস্কার সংক্রান্ত বিষয়ে তাদের মতামত ও প্রস্তাবনা তুলে ধরেন। এসময় দেশের পূঁজিবাজারের উন্নয়ন ও বিকাশের ক্ষেত্রে নিরীক্ষা সংস্থা ও নিরীক্ষকদের ভূমিকা ও দায়িত্ব, নিরীক্ষা কার্যক্রমে বিদ্যমান সংকট, প্রতিবন্ধকতা ও করণীয়সহ পূঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে খোলামেলা আলোচনা হয়। মত বিনিময় সভায় অন্যান্যের মধ্যে পূঁজিবাজারের তালিকাভুক্ত কোম্পানিগুলোতে সুশাসন নিশ্চিতকরণ, তালিকাভুক্ত কোম্পানিগুলোর ইন্ডিপেন্ডেন্ট ডিরেক্টরদের আরো দায়িত্বশীল করা ও ইন্ডিপেন্ডেন্ট ডিরেক্টর নিয়োগের প্রক্রিয়ায় প্রয়োজনীয় সংস্কার আনয়ন, কোম্পানির আর্থিক বিবরণী প্রস্তুতকরণকে আরো ভালো করতে কোম্পানির সিএফও-দের আরো দায়িত্বশীল করা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির সাথে সাথে যথাযথ ফাইন্যান্সিয়াল রিপোর্টিং নিশ্চিতকরণ, বাংলাদেশে উচ্চমানের আর্থিক প্রতিবেদন এবং নিরীক্ষার প্রসার ও বিকাশ সাধন, নিরীক্ষা কার্যক্রমে সর্বোচ্চ পেশাদারিত্ব, সততা ও নৈতিক মান নিশ্চিতকরণ, সুস্পষ্ট ও স্বচ্ছভাবে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা নিশ্চিতকরণ, বাজার সংশ্লিষ্টদের জন্য হিসাবরক্ষণ ও নিরীক্ষা সংক্রান্ত বিশেষায়িত ও পেশাদার প্রশিক্ষণ নিশ্চিতকরণ, নিরীক্ষকদের দক্ষতা ও সক্ষমতার উন্নয়ন, পূঁজিবাজারে নীতিসহায়তার জন্য সংশ্লিষ্ট সকল নিয়ন্ত্রক সংস্থা ও সরকারি সংস্থার মাধ্যমে সমন্বিত উদ্যোগ গ্রহণ, পূঁজিবাজারে মনিটরিং জোরদারকরণ, মিউচুয়াল ফান্ড খাতের সংস্কার ও উন্নয়ন, পূঁজিবাজারকে দীর্ঘমেয়াদী অর্থায়নের মূল উৎস হিসেবে প্রতিষ্ঠিতকরণ ইত্যাদি বিভিন্ন প্রস্তাবনা উঠে এসেছে। সভার আলোচনায় পূঁজিবাজারের প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিত ও সাধারণ বিনিয়োগকারীদের স্বার্থে রক্ষায় করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং সুশাসন নিশ্চিতের মাধ্যমে পূঁজিবাজারে ভালো বিনিয়োগ পরিবেশ সৃষ্টির বিষয়ে আলোচনা হয়। সভায় ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICAB) এর প্রতিনিধিবৃন্দ দেশের পূঁজিবাজারের টেকসই উন্নয়ন ও সংস্কারে নিয়ন্ত্রক সংস্থার সাথে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

পূঁজিবাজারের সার্বিক সংস্কার সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) পূঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান, সংগঠন ও অংশীজনদের সাথে মত বিনিময় করছে। সর্বোপরি, দেশের পূঁজিবাজারের বিদ্যমান প্রতিবন্ধকতা ও সংকটসমূহ থেকে উত্তরণে পূঁজিবাজার সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় একটি শক্তিশালী ও সমৃদ্ধ পূঁজিবাজার গড়ে তুলতে বিএসইসি নিরলসভাবে কাজ করছে।

মো. মোহাইমিনুল হক
জনসংযোগ কর্মকর্তা ও মুখপাত্র (অতিরিক্ত দায়িত্ব)

